

যুগান্তর

প্রিন্ট: ১৯ নভেম্বর ২০২৫, ১০:৩৪ এএম

জাতীয়

প্রাথমিক সঙ্গীত শিক্ষক নিয়োগের বিষয়ে যা জানালেন গণশিক্ষা উপদেষ্টা



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৮ নভেম্বর ২০২৫, ০৭:১০ পিএম



ফাইল ছবি

প্রাথমিক স্কুলে সঙ্গীত শিক্ষক নিয়োগের নীতিগত সিদ্ধান্ত আছে অন্তর্ভুক্তি সরকারের। তবে আরও বড় পরিসরে নিয়োগ দিতে চায় সরকার। তাই আগের সিদ্ধান্ত স্থগিত করা হয়েছে বলে জানিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা ডা. বিধান রঞ্জন রায় পোদ্দার।

মঙ্গলবার (১৮ নভেম্বর) বিকালে সচিবালয়ে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, সঙ্গীতের মতো বৃহৎ বিষয়কে ক্ষুদ্র দৃষ্টিভঙ্গি থেকে দেখলে চলবে না। অন্তর্ভুক্তি সরকারের সময় কম উল্লেখ করে, বিষয়টি পরবর্তী সরকার আসলে বিবেচনা করবে বলে আশা প্রকাশ করেন তিনি।

উপদেষ্টা জানান, প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের জন্য নতুন ডিপ্লোমা ইন প্রাইমারি-ডিপিএড প্রোগ্রাম চালু করা হচ্ছে। নির্ধারিত যোগ্যতা থাকলে যে কোনো নাগরিক ১০ মাসে দুই সেমিস্টারের এই কোর্সে আবেদন করতে পারবে।

এদিকে, প্রাথমিক শিক্ষকদের আন্দোলনে একজন শিক্ষকের মৃত্যু সাউন্ড গ্রেনেডের কারণে নয়, বরং ত্রুটি রোগে হয়েছে বলেও জানান উপদেষ্টা। নিহত শিক্ষকের পরিবারকে মন্ত্রণালয়ের পক্ষ থেকে সহায়তার আশ্বাস দেন তিনি।

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের আন্দোলন প্রসঙ্গে উপদেষ্টা বলেন, প্রাথমিক শিক্ষকদের সংগঠনগুলোর মধ্যে ৯টি সংগঠন মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা করে সম্প্রস্তুত হয়েছে। তবে ভুঁইফোড় চারটি সংগঠনের সদস্যরা আন্দোলন করেছেন। তারা শিক্ষকদের ভুল বুঝিয়ে অযৌক্তিক আন্দোলনের ডাক দিয়ে ভোগান্তিতে ফেলেছেন।